পররাষ্ট্র মন্ত্রণালয়
কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ

# অনানুষ্ঠানিক নোট

বিষয়ঃ **কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের জুলাই ২০২৩ মাসের মাসিক প্রতিবেদন**

সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের গবেষণা অনুবিভাগের অনানুষ্ঠানিক নোট, নং-১৯.০০.০০০০.৮১০.১৬.০০১.২৩/৬১ তারিখঃ ২৫ জুলাই ২০২৩

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের পরিপ্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের ২০২৩ জুলাই মাসের মাসিক প্রতিবেদন এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

GMIftekhar
02/08/23
(জি এম ইফতেখার)
সহকারী সচিব
(কনস্যুলার ও এমআরপি)

**সহকারী সচিব (গবেষণা)**

ইউও নোট নং-১৯.০০.০০০০.৫৩০.২৭.০০৫.২৩ /রিপোর্ট/০৭ তারিখঃ ০২ আগস্ট ২০২৩ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৫৩০.২৭.০০৫.২৩ ০২ আগস্ট ২০২৩

**বিষয়ঃ কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের জুলাই ২০২৩-এর মাসিক প্রতিবেদন**

গত জুলাই ২০২৩ সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন করা হয়েছেঃ

**সমন্বয় সভার আয়োজনঃ** বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পরিচয়পত্র (NID) সেবা চালুকরণ বিষয়ে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ০৫ জুলাই ২০২৩ তারিখে একটি আন্তঃমন্ত্রনালয় সভার আয়োজন করা হয়।

০২. **দলিলাদি সত্যায়নঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে বসবাসরত লক্ষ লক্ষ বাংলাদেশীর স্বার্থ সংরক্ষণে পররাষ্ট্র মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে চলেছে। এ অনুবিভাগ বিদেশ গমণেচ্ছু নাগরিকদের শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম/মৃত্যু সনদ, পুলিশ ক্লিয়ারেন্স সনদ, আমমোক্তারনামা সহ বিবিধ কাগজপত্রাদি প্রত্যয়ন করার পাশাপাশি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু ও রিইস্যু করে থাকে। এরই ধারাবাহিকতায় জুলাই-২০২৩ সময়ে কনস্যুলার শাখা কর্তৃক ৩,২৪,৭০১ সংখ্যক দলিল, সনদ, ও অন্যান্য কাগজপত্রাদি সত্যায়ন করা হয়েছে যার পরিসংখ্যান নিম্নরূপঃ

| নং | সেবার ধরণ/নাম | সংখ্যা |
|---|---|---|
| ০১. | পুলিশ ক্লিয়ারেন্স সনদ সত্যায়ন | ১,৬৮,০৫০ টি |
| ০২. | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক সম্পাদিত আম-মোক্তারনামা/বিদেশি সনদ সত্যায়ন | ৬২৮ টি |
| ০৩. | আম-মোক্তারনামা দলিলের পুনঃসঠিকতা যাচাই | ১৩৬ টি |
| ০৪. | শিক্ষা সনদ সত্যায়ন | ৮৭,১৬৫টি |
| ০৫ | বিবিধ নথিপত্র/সনদ (বৈবাহিক সনদ/ স্থানীয় আম-মোক্তারনামা, পারিবারিক সনদ, জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি ) সত্যায়ন | ৬৮,৭২২টি |
| | **মোট সেবার সংখ্যা** | **৩,২৪,৭০১ টি** |

০৩. **ভিসা প্রাপ্তির জন্য অনাপত্তি সনদ ইস্যুঃ** বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে আবেদনের প্রেক্ষিতে জুলাই ২০২৩ মাসে ৩০৬ জন বিদেশী নাগরিকের বাংলাদেশে আগমনের ব্যাপারে মতামত প্রদান/ অনাপত্তি সনদ ইস্যুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করা হয়েছে।

০৪. **কূটনৈতিক পত্র / পরিচিতি পত্র) ইস্যুঃ** কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের কনস্যুলার শাখা বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তরের আবেদনের প্রেক্ষিতে সরকারি আদেশে বিদেশ ভ্রমণের জন্য ভিসা প্রক্রিয়াকরণের নিমিত্ত জুলাই ২০২৩ মাসে ৮৪৪ জন নাগরিকের জন্য ৩০৫ টি Note Verbale (কূটনৈতিক পত্র) এবং ৪৩০ জন নাগরিকের জন্য ১৯১ টি Letter of Introduction (পরিচিতি পত্র) ইস্যু করা হয়েছে।

০৫. **কূটনৈতিক পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের পররাষ্ট্র ক্যাডারভুক্ত কর্মকর্তা, কূটনৈতিক পাসপোর্ট প্রাপ্তির জন্য প্রাধিকারভুক্ত কর্মকর্তা এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাদের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা কর্তৃক জুলাই ২০২৩ মাসে ১২০ টি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু এবং ৩৭ টি কূটনৈতিক পাসপোর্ট বাতিল করা হয়েছে।

০৬. **সার্ক ভিসা স্টিকার ইস্যুঃ** ইস্যুকৃত কূটনৈতিক পাসপোর্টে ৫৯ টি সার্ক ভিসা স্টিকার ইস্যু করা হয়েছে।

০৭. **অফিসিয়াল পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মচারীগণ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা ১৯ টি অনাপত্তি সনদ প্রদান করেছে এবং ০২ টি অফিসিয়াল পাসপোর্ট বাতিল করা হয়েছে।

Ministry of Foreign Affairs ★ Dhaka ★ Govt. of Bangladesh

০৮.　**বাংলাদেশি নাগরিকগণের প্রত্যাবাসনঃ**

(ক)　বিভিন্ন দেশ হতে ০২ (দুই) জন প্রবাসী বাংলাদেশি নাগরিকের মৃতদেহ আনার ব্যবস্থা করা হয়েছে।

(খ)　বাংলাদেশি নাগরিকদের দেশে ফেরত আনার জন্য বাংলাদেশের বিভিন্ন মিশনে ৬০ টি আবেদন প্রেরণ করা হয়েছে।

(গ)　প্রত্যাবাসনের নিমিত্ত বিভিন্ন দেশে অবস্থানরত ১১ জন বাংলাদেশি নাগরিকের নাগরিকত্ব যাচাই এর জন্য মিশন কর্তৃক প্রেরিত আবেদনপত্রসমূহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রেরিত ১২৮ জন বাংলাদেশী নাগরিকের নাগরিকত্ব যাচাই রিপোর্ট বিভিন্ন দূতাবাসে প্রেরণ করা হয়েছে।

(ঘ)　লিবিয়া গমনেচ্ছু ০৯ জন বাংলাদেশি নাগরিকের ব্যাপারে অনাপত্তি সনদপত্র ইস্যু করা হয়েছে।

(ঙ)　বিভিন্ন মিশন থেকে ১৮ টি অভিযোগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(চ)　IOM এবং বাংলাদেশ দূতাবাস ত্রিপোলী এর সহযোগিতায় ১৬৫ জন অনিয়মিত বাংলাদেশিকে প্রত্যাবাসন করা হয়েছে।

(ছ)　বিভিন্ন মিশন থেকে ০৩ জন বাংলাদেশি নাগরিকের নাগরিকত্ব পরিত্যাগের আবেদন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(জ)　স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১২২ টি দ্বৈত নাগরিকত্ব সনদ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল নিউইয়র্ক এবং ১৪৭ টি দ্বৈত নাগরিকত্ব সনদ বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসি তে প্রেরণ করা হয়েছে।

০৯.　বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রাপ্ত বিভিন্ন সমস্যার সমাধানকল্পে ও দৈনন্দিন অন্যান্য কার্যাবলী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বাংলাদেশে অবস্থিত সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও অফিস যেমনঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধকের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমানবন্দর ইমিগ্রেশন ইত্যাদির সাথে মিশনসমূহের যোগাযোগ স্থাপন ও মিশনের পক্ষে সমন্বয় সাধনের মাধ্যমে সেসব সমস্যার সমাধান করা হয়েছে।

১০.　এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিদেশস্থ মিশনসমূহ তাদের অধিক্ষেত্রাধীন বাংলাদেশী প্রবাসী ও ডায়াসপোরাদের বিবিধ কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান করেছে।

## আগস্ট- ২০২৩ এর কর্ম-পরিকল্পনা

ক) নাগরিকত্ব যাচাই সাপেক্ষে বিভিন্ন দেশে আটকে পড়া আরো বাংলাদেশী নাগরিকদের প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

খ) বিভিন্ন দেশের জেলে বন্দী বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

গ) লিবিয়া সহ অন্যান্য দেশ হতে চার্টার্ড ফ্লাইটের মাধ্যমে অনিয়মিত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসন করা হবে।

ঘ) বিদেশে মৃত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

ঙ) বাংলাদেশ মিশন কর্তৃক এবং অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর কর্তৃক স্বাক্ষরিত বিভিন্ন দলিলাদির সত্যায়ন

চ) বিদেশি নাগরিকগণের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত মিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করে অনাপত্তি সনদ ইস্যুকরণ

ছ) কূটনৈতিক পাসপোর্ট, সার্ক ভিসা স্টিকার, পাসপোর্টের অনাপত্তি সনদ প্রদান/ ইস্যুকরণ

জ) এছাড়া কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের অন্যান্য রুটিন কার্যাবলী সম্পাদন

GMftekhar 02/08/23

(জি. এম. ইফতেখার)
সহকারী সচিব (কনস্যুলার ও এমআরপি)